

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লৌহজং, মুন্সিগঞ্জ।
louhajanj.munshiganj.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯৪৪.৯৪.০০১.০০২.১৬-

তারিখ: ২১/০৫/২০১৮খ্রি:

লৌহজং উপজেলা ইনোভেশন কমিটির মে/২০১৮খ্রি: মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	: মো. মনির হোসেন উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সিগঞ্জ।
তারিখ	: ২১/০৫/২০১৮খ্রি:
সময়	: সকাল ১২: ৩০ ঘটিকা।
স্থান	: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার প্রথমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। ইনোভেশন অফিসার ইনোভেশন টিমের উদ্দেশ্য বলতে গিয়ে জানান ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার রূপকল্প-২০২১ ঘোষণা করেছে। এ রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন(এটুআই) প্রোগ্রাম দেশব্যাপী নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠী যাতে সহজে, দ্রুত এবং স্বল্প ব্যয়ে সরকারি ও বেসরকারি সেবাসমূহ গ্রহণ করতে পারে সে লক্ষ্যে নতুন নতুন সেবা উদ্ভাবন এবং তার প্রসারের জন্য ইনোভেশন টিম গঠন করা হয়।


এরপর ইনোভেশন টিমসমূহ কর্তৃক বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক বছরের শুরুতে সভায় অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসে উক্ত সভায় উপস্থাপন করার নির্দেশনা রয়েছে। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে বাৎসরিক পরিকল্পনা প্রণয়নের জন্য উপজেলা ইনোভেশন টিমের করণীয় সম্পর্কে মুক্ত আলোচনার জন্য সকলকে অনুরোধ জানান।

জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া ও কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুনগত পরিবর্তন আনয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিজ অফিসের সেবা সহজীকরণ	কার্যালয়ের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ০১টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ এবং তা পর্যালোচনা পূর্বক সহজ উপায়ে নতুন পদ্ধতিতে সেবা প্রদান বাস্তবায়ন।	সকল অফিস প্রধান
০২	অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম	উপজেলার অধীন সকল দপ্তর ও ইউনিয়ন পর্যায়ের অফিস এবং উপজেলার ইনোভেশন টিমসমূহ সক্রিয় করা ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।	ইনোভেশন টিম
০৩	আইডিয়া ম্যানেজমেন্ট	সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের	ইনোভেশন টিম

		নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ আইডিয়া বক্স স্থাপন	
০৪	ইউনিয়ন পর্যায় হতে নতুন আইডিয়া	ইউনিয়ন পরিষদ হতে মাসিক নূন্যতম একটি আইডিয়া আব্যাশিকভাবে গ্রহণ।	সকল উদ্যোক্তা এবং সচিববৃন্দ
০৫	সোশ্যাল মিডিয়ার ব্যবহার	উদ্ভাবনী ধারণা আহবান, পর্যালোচনা ও মতবিনিময়ে এবং নাগরিক ও সুশীল সমাজের সঙ্গে সেতু বন্ধন তৈরিতে ইলেক্ট্রনিক সোশ্যাল মিডিয়া ব্যবহারের সুযোগকে কাজে লাগানো।	ইনোভেশন টিম



(মো. মনির হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।

ও


ইনোভেশন অফিসার
উপজেলা ইনোভেশন টিম

স্মারক নং: ০৫.৩০.৫৯৪৪.৯৪.০০১.০০২.১৬-

তারিখ: ২১/০৫/২০১৮খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

- ১। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সিগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ৪। উপজেলা..... অফিসার, লৌহজং, মুন্সিগঞ্জ।
- ৫। অফিস কপি।



(মো. মনির হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।